

■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৬৯

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যে ইহরামের কথা বর্ণনা করলাম তার বিবরণ

ذِكْرُ وَصْفِ إِهْلَلِ الْمُصْنَطَفَيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الَّذِي ذَكَرْنَا هُوَ

আরবী

3769 - أَخْبَرَنَا أَبُو عَرْوَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهْبٍ بْنِ أَبِي كَرِيمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ قَالَ: حَدَّثَنَا زَيْدٌ بْنُ أَبِي أُنِيْسَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ مَيْسَرَةَ عَنِ النَّزَّالِ بْنِ سَبْرَةَ قَالَ: حَدَّثَنَا عَلَيْيَ بْنُ أَبِي طَالِبٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ مِنَ الْمَدِينَةِ حَاجًا وَخَرَجَتُ أَنَا مِنَ الْيَمَنِ قُلْتُ: لَبَّيْكَ إِهْلَلًا كَإِهْلَلِ النَّبِيِّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّبِيُّ صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَإِنِّي أَهْلَلتُ بِالْعُمْرَةِ وَالْحَجَّ جَمِيعًا)

الراوي : عَلَيْيَ ا المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان

على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3709 | خلاصة حكم المحدث: صحيح - ((الحج الكبير)) ،
((الإرواء)) (1006): ق.

বাংলা

৩৭৬৯. আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মদীনা থেকে হজের উদ্দেশ্যে বের হন, আমিও ইয়ামান থেকে বের হই। তখন আমি বলি, ‘আমি এ ইহরামের নিয়তে হাজির, যেভাবে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইহরাম বেঁধেছেন।’” তখন আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই আমি হজ ও উমরাহ উভয়টির ইহরাম বেঁধেছি।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৮৫; সহীহ মুসলিম: ১২৫০; সহীভুল বুখারী: ১৫৫৮; তিরমিয়ী: ৯৫৬; সুনান বাইহাকী:

৫/১৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাত্তুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাত্তুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১০০৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93106>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন